দৈনিক ইত্তেফাক

29 JAN 2017 ৭ ৬

# গোপালগঞ্জে শ্রেষ্ঠ শিক্ষক ও শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ

■ গোপালগঞ্জ প্রতিনিধি

গোপালগঞ্জে ধর্মবিষয়ক মন্ত্রণালয়ের হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্টের মন্দিরভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রমের শ্রেষ্ঠ শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে পুরস্কার বিতরণ করা হয়েছে। শনিবার দুপুরে গোপালগঞ্জ বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের হল রুমে আয়োজিত এ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন জেলা প্রশাসক মোহাম্মদ মোখলেসুর রহমান সরকার। পরে অনুষ্ঠানের পৃষ্ঠপোষক বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. খোন্দকার নাসির উদ্দিন বক্তব্য রাখেন।

গোপালগঞ্জ শিশু ও গণশিক্ষার সহকারী পরিচালক পীযূষ সাহার সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য দেন অ্যাড সুনীল চন্দ্র দাস, অ্যাড. জগদীশ চন্দ্র বৈদ্য, ডা. অসিত কুমার মল্লিক। পরে প্রধান অতিথি জেলার পাঁচ উপজেলার শ্রেষ্ঠ শিক্ষক-শিক্ষার্থীদের হাতে পুরস্কার তুলে দেন।